

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ১০০০  
বিদ্যালয়-২ শাখা

০১ অগ্রহায়ণ ১৪১৯

তারিখঃ-----

১৫ নভেম্বর ২০১২

নম্বর: ৩৮.০০৮.০৩৫.০০.০০৭.২০১২-৮৬

### প্রজ্ঞাপন

দেশের সরকারী, রেজিস্টার্ড বেসরকারী ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির গঠন এবং কমিটি দায়িত্ব-কর্তব্য সংক্রান্ত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইতৎপূর্বে জারিকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতারা বিত্ত করত: নিম্নবর্ণিত নীতিমালা জারি করা হলো:

#### কমিটি গঠনঃ

- |          |   |              |
|----------|---|--------------|
| ১.১      | বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক  | - সদস্য সচিব |
| ১.২      | প্রাথমিক বিদ্যালয়টি যে এলাকায় অবস্থিত ঐ এলাকার একজন বিদ্যোৎসাহী মহিলা   | - সদস্য      |
| ১.৩      | প্রাথমিক বিদ্যালয়টি যে এলাকায় অবস্থিত ঐ এলাকার একজন বিদ্যোৎসাহী পুরুষ   | - সদস্য      |
| ১.৪      | বিদ্যালয়ের একজন জমিদাতা (যদি থাকেন)  | - সদস্য      |
| ১.৫      | একই উপজেলার সংশ্লিষ্ট বিদ্যালয়ের নিকটতম মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক/শিক্ষিকা (মহিলা শিক্ষককে অগ্রাধিকার দিতে হবে) | - সদস্য      |
| ১.৬      | সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের মধ্যে থেকে নির্বাচিত একজন (মহিলা শিক্ষককে অগ্রাধিকার দিতে হবে)        | - সদস্য      |
| ১.৭-১.৮  | ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্যে নির্বাচিত দু'জন মহিলা অভিভাবক   | - সদস্য      |
| ১.৯-১.১০ | ছাত্রছাত্রীদের অভিভাবকদের মধ্যে নির্বাচিত দু'জন পুরুষ অভিভাবক   | - সদস্য      |
| ১.১১     | ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য/মিউনিসিপ্যাল এলাকার সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার                                 | - সদস্য      |

#### ২। কমিটি গঠন পক্ষতিঃ

- |     |   |
|-----|---|
| ২.১ | কমিটির সদস্য-সংখ্যা সভাপতিসহ মোট ১১ জন হবে। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষক প্রতিনিধি ব্যতিরেকে অন্য সদস্যদের থেকে একজন সভাপতি এবং একজন সহ-সভাপতি নির্বাচিত হবেন। পদাধিকারবলে প্রধান/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সদস্য সচিব নির্বাচিত হবেন।  |
| ২.২ | ক্রমিক নং ১.২ ও ১.৩ এর সদস্যগণ যে এলাকায় বিদ্যালয় অবস্থিত সে এলাকার হানীয় মাননীয় সংসদ সদস্যের পরামর্শদ্রব্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত হবে;   |
| ২.৩ | ক্রমিক নং ১.৪ এর এর ক্ষেত্রে কমিটিতে একজন জমিদাতা সদস্য থাকবেন। জমিদাতা/উত্তরাধিকারী একাধিক হলে তাদের মধ্য থেকে মনোনীত একজন, অথবা নিজেরা মনোনীত করতে না পারলে উপজেলা পরিষদ কর্তৃক পরিষদের সভার সিদ্ধান্তক্রমে জমিদাতা সদস্য মনোনীত করতে হবে;  |
| ২.৪ | ক্রমিক নং ১.৫ এর সদস্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা কর্তৃক মনোনীত হবেন;  |
| ২.৫ | ক্রমিক নং ১.৬ এর ক্ষেত্রে বিদ্যালয়ের সকল শিক্ষক সদস্য মনোনয়ন/নির্বাচন করবেন;  |
| ২.৬ | ক্রমিক নং ১.৭, ১.৮, ১.৯, ও ১.১০-এর সদস্যগণ বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অভিভাবক থারা নির্বাচিত হবেন। সংশ্লিষ্ট বিদ্যালয়ের কোন শিক্ষক ক্রমিক নং ১.৭, ১.৮, ১.৯ ও ১.১০ এ নির্দেশিত অভিভাবক-সদস্য পদে হতে পারবেন না। সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের নেতৃত্বে অভিভাবক- সদস্য পদে নির্বাচিত পরিচালনা করতে হবে। সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার উক্ত নির্বাচিত সংক্রান্ত প্রতিবেদন উপজেলা/থানা অফিসারকে প্রদান করবেন। অভিভাবক সদস্য নির্বাচনে নিম্নোক্ত শর্তসমূহ প্রযোজ্য হবে; |

- ক) ক্রমিক নং ১.৭, ১.৮, ১.৯, ও ১.১০ এ বর্ণিত সদস্য নির্বাচনে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাতা ও পিতা  
উভয়ই ভোটাধিকারপ্রাপ্ত হবেন;
- খ) সদস্য নির্বাচনের ব্যয় মনোনয়নপত্র বিক্রয়লক্ষ অর্থ হতে মিটাতে হবে। মনোনয়নপত্রের মূল্য বিদ্যালয়  
ব্যবস্থাপনা কমিটি (এড-ইক) নির্ধারণ করবে;
- গ) প্রধান শিক্ষক কর্তৃক উভয় রেজিস্টার ও হাজিরা খাতার ভিত্তিতে নৃন্যতম ৬০ দিন পূর্বে প্রত্নতক্ত খসড়া  
ভোটার তালিকা সংশ্লিষ্ট সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার চূড়ান্ত করবেন;
- ২.৭ ক্রমিক নং ১.১১ এ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য/পৌর এলাকার সংশ্লিষ্ট ওয়ার্ড  
কমিশনার পদাধিকার বলে সদস্য হবেন;
- ২.৮ একই ব্যক্তি একাদিনমে দুই বারের অধিক একই বিদ্যালয়ের সভাপতি হিসাবে নির্বাচিত হতে পারবেন না:
- ২.৯ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির কোন সদস্য লিখিতভাবে সভাপতিকে অবহিত না করে পরপর তিনটি সভায়  
অনুপস্থিত থাকলে অথবা মৃত্যু বা অন্যকোন কারণে দায়িত্ব পালনে অপারাগ হলে তাঁর সদস্যপদ বাতিল বলে  
গণ্য হবে। এরপ ক্ষেত্রে, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক উপজেলা/থানা শিক্ষা অফিসার-এর  
অনুমোদনক্রমে কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য শূন্য পদ নির্ধারিত প্রতিয়া অনুসরণপূর্বক পূরণ করা যাবে
- ২.১০ কোন সরকারী, রেজিস্টার্ড ও কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে কোন যুক্তিসঙ্গত কারণে ব্যবস্থাপনা কমিটি  
গঠন করা সম্ভব না হলে সাময়িকভাবে সোর্চে ছয় মাসের জন্য এডহক কমিটি গঠন করা যেতে পারে। ৬  
(ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রধান শিক্ষক এবং সহকারী  
উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ আওতায় অসদাচারণ  
এর দায়ে দায়ি হবেন।
- এডহক কমিটি**
- ২.১০.১ বিদ্যালয় যে উপজেলা/থানায় অবস্থিত সে উপজেলা/থানায় সংশ্লিষ্ট - সভাপতি
- ত্রাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার
- ২.১০.২ বিদ্যালয়ের একজন জারিদাতা (যদি থাকে) - সদস্য
- (জারিদাতা)/উত্তরাধিকারী একাধিক হলে তাদের মধ্য থেকে মনোনীত একজন,  
অথবা নিজেরা মনোনীত না পারলে উপজেলা পরিষদ কর্তৃক তাদের মধ্যে মনোনীত একজন;)
- ২.১০.৩ বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার মধ্যে নিকটতম মাধ্যমিক - সদস্য
- বিদ্যালয়ের একজন শিক্ষক/শিক্ষিকা  
(উপজেলা পরিষদ কর্তৃক মনোনীত। ক্যাচমেন্ট এলাকার মধ্যে কোন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা। এক্ষেত্রে  
বিদ্যালয়ের মহিলা শিক্ষকদের অধ্যাধিকার দেয়া যেতে পারে)
- ২.১০.৪ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক - সদস্য সচিব
- ২.১১ সংশ্লিষ্ট উপজেলা/মহানগরী প্রাথমিক শিক্ষা কমিটি উল্লিখিত পদ্ধতিতে গঠিত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিকে  
চূড়ান্ত অনুমোদন প্রদান করবে।
- ২.১২ সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি সভায় সভাপতির দায়িত্ব পালন করবেন;
- ২.১৩ প্রতি ইংরেজি মাসের শেষ সপ্তাহের যে কোন দিন শ্রেণি পাঠদান কার্যক্রম শেষে অথবা ছুটির দিনে বিদ্যালয়  
ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হবে;
- ২.১৪ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির যে কোন সভায় কমপক্ষে ৬(ছয়) জন সদস্য উপস্থিত থাকলে উক্ত সভার  
কোরাম পূর্ণ হয়েছে মর্মে বিবেচিত হবে। কোরামের অভাবে সভা অনুষ্ঠান করা সম্ভব না হলে, পরবর্তী  
নির্ধারিত তারিখে মূলতবী সভা অনুষ্ঠানের জন্য কোরামের প্রয়োজন হবে না;
- ২.১৫ কোরামের জন্য ন্যূনতম ৬জন সদস্যের উপস্থিত থাকতে হবে।
- ২.১৬ অসদাচারণের জন্য সভাপতি/সহসভাপতিসহ যেকোন সদস্যকে বহিকার করা উপজেলা শিক্ষা কমিটির  
এক্ষেত্রে অনুমোদিত হয়েছে।
- ২.১৭ উপজেলা শিক্ষা কমিটি নির্বাচনের পরবর্তী ৩০ দিনের মধ্যে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি অনুমোদন করবে।  
৩০ দিনের মধ্যে যদি কমিটি অনুমোদন করা না হয় কিংবা এ বিষয়ে কোন নির্দেশনা পাওয়া না যায় তবে  
কমিটি অনুমোদিত হয়েছে বলে গণ্য হবে।

### বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি দায়িত্ব ও কর্তব্যঃ

- ৩.১.১ প্রাথমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা, শিক্ষার্থীদের উপস্থিতি ও শিক্ষকদের দায়িত্ব পালনের উপর প্রতি বৎসর মে, আগষ্ট ও ডিসেম্বর মাসের ৩০(ত্রিশ) তারিখের মধ্যে উপজেলা/থানা শিক্ষা অফিসার এর নিকট নির্ধারিত ছকে কমিটির সদস্য সচিব ও সভাপতির যৌথ স্বাক্ষরে প্রতিবেদন প্রেরণ;
- ৩.১.২ ছাত্র-ছাত্রীদের শারীরিক শাস্তি প্রদান পরিহার নিশ্চিতকরণ;
- ৩.১.৩ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি বিদ্যালয় পর্যায়ে ব্যয়িত অর্থের হিসাব অনুমোদন করবে। এসএমসি কর্তৃক খরচের বিষয়টি অনুমোদিত না হলে তা অডিটে গ্রহণযোগ্য হবে না।

### ৩.২ ছানীয় পর্যায়ে সম্পদ সংগ্রহ ও সংরক্ষণঃ

বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে ছানীয় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধিকরণে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ছানীয়ভাবে সম্পদ সংগ্রহ ও সংরক্ষণের পদক্ষেপ গ্রহণ করতে পারবে। 'সম্পদ' বলতে জনসাধারণ কর্তৃক বিদ্যালয়ের উন্নয়নে দানকৃত জমি, ভবন, আসবাবপত্র, যন্ত্রপাতি, শিখন শেখানো সামগ্ৰী, শিক্ষা উপকরণ, নগদ অর্থ ইত্যাদি বোঝাবে। সম্পদ সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তসমূহ প্রযোজ্য হবে:

- ক) যে কোন ধরনের দান ও অনুদান গ্রহণের ক্ষেত্রে প্রধান শিক্ষক যথারীতি বিষয়টি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির নিয়মিত সভায় উপস্থাপন করে অনুমোদন গ্রহণ করবেন;
- খ) ছানীয় উদ্যোগে সংগৃহীত সম্পদ বিদ্যালয়ের শিক্ষার গুণগতমান, বার্ষিক ত্বৈর্ণা ও সংস্কৃতিক অনুষ্ঠান, অবকাঠামোগত উন্নয়ন, যথাযথভাবে সম্পদ সংরক্ষণ এবং তদারকি কার্যক্রম ব্যৱৃত্তি অন্যকেন কার্যক্রমে ব্যবহার করা যাবে না;
- গ) স্থাবর ও অস্থাবর সম্পদ সংগ্রহ ও ব্যবহারের জন্য পৃথক রেজিস্টার সংরক্ষণ করতে হবে;
- ঘ) সংগৃহীত নগদ অর্থের ক্ষেত্রে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব ও সভাপতির যৌথ স্বাক্ষরে তফশিলভুক্ত ব্যাংকের মাধ্যমে হিসাব পরিচালনা করতে হবে;
- ঙ) রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়নে প্রদানকৃত জমি বা বিদ্যালয় ছানাত্তরের কারণে প্রাণ জমি কর্তৃপক্ষের অনুকূলে রেজিস্ট্রি দলিল সম্পাদন ও নামজারী নিশ্চিত করতে হবে;
- চ) তৰম নির্মাণের ক্ষেত্রে খেলার মাঠ ও অন্যান্য স্থাপনা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে উপজেলা/থানা প্রকৌশলীর প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ছ) এলাকার কোন অধিবাসী বা কোন দানশীল ব্যক্তির উদ্যোগে বিদ্যালয় ভবন বা কক্ষ নির্মাণ করা হলে, কিংবা আসবাবপত্র বা অন্যান্য সামগ্ৰী সরবরাহ করা হলে, সে-সংক্রান্ত তথ্যাদি/তালিকা প্রধান শিক্ষকের কক্ষে রাখিত ফলকে/বোর্ডে প্রদর্শন করতে হবে;
- জ) সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/সহকারী থানা শিক্ষা অফিসার বিদ্যালয় পরিদর্শনকালে সম্পদ সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার সংক্রান্ত হিসাব নিরীক্ষাপূর্বক স্বাক্ষর করবেন;
- ঝ) এছাড়াও সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা/থানা শিক্ষা অফিসার ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত হিসাব ও রেজিস্টার যাচাই করতে পারবেন;

### ৩.৩ বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা (SLIP):

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হবে। কমিটি বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে "বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা" অনুসরণ করবে। এক্ষেত্রে কমিটি নিম্নরূপ দায়িত্ব পালন করবে:

- ক) বিদ্যালয়ের শিখন-শেখানো পরিবেশ সম্পর্কিত অবস্থা বিশ্লেষণ এবং সমস্যা চিহ্নিতকরণ;
- খ) উন্নয়ন পরিকল্পনা তৈরী ও বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ ও সহযোগিতা নিশ্চিতকরণ;
- গ) বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা সম্পর্কিত তহবিল পরিচালনা;
- ঘ) ছানীয় জনগণের নিকট থেকে তহবিল সংগ্রহের উদ্যোগ গ্রহণ এবং
- ঙ) বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকায় বর্ণিত অন্যান্য দায়িত্ব পালন।

৩.৪

#### **একীভূত শিক্ষা কার্যক্রম:**

- বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুকে বিদ্যালয়ে সংশ্লিষ্টকরণ এবং সকল শিশুকে গুণগত শিক্ষা প্রদানে এসএমসি নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করবে:
- ক) এলাকার বিদ্যালয় গমনোপযোগী শিশুদের জরিপ কার্যক্রমে সহায়তাকরণ;
  - খ) বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকার গমনোপযোগী বিশেষ চাহিদাসম্পর্ক শিশু চিহ্নিতকরণ ও ভর্তিসহ অন্যান্য কাজে সহযোগিতা প্রদান, তাদের চাহিদা সম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষকে অবহিতকরণ, এবং রেফারেল সার্ভিস প্রদানে সহযোগিতা প্রদান; এবং
  - গ) একীভূত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রাপ্ত তহবিল পরিচালনা।

৩.৫

#### **প্রাক-প্রাথমিক শিক্ষা:**

প্রাক-প্রাথমিক শ্রেণি পরিচালনায় এসএমসি নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবে;

- ক) প্রাক-প্রাথমিক শ্রেণী চালু নিশ্চিতকরণ;
- খ) প্রাক-প্রাথমিক শিক্ষা শেষে ১ম শ্রেণিতে ভর্তি ও বিদ্যালয়ে ধরে রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- গ) প্রাক-প্রাথমিক শ্রেণির শিখন-শেখানো সামগ্রী তৈরী/ক্রয়ে সহায়তা প্রদান;
- ঘ) প্রাক-প্রাথমিক শিক্ষা পরিচালনার জন্য প্রাপ্ত তহবিলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।

৩.৬

#### **বিদ্যালয়ের নির্মাণ, পুনঃনির্মাণ ও সংস্কার কাজ পরিবীক্ষণ:**

প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ, পুনর্নির্মাণ ও সম্প্রসারণ কাজের গুণগতমান নিশ্চিতকরণে এসএমসি এর দায়িত্ব নিম্নরূপ:

- ক) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি বিদ্যালয়-মেরামতের সার্বিক প্রয়োজনীয়তা নিরূপণ করে স্থাব্য ব্যয়ের পরিমাণসহ উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট লিখিত প্রস্তাব করবে;
- খ) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি অনুর্ধ ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত অর্থের সংস্কার/মেরামত কাজ সম্পর্ক করতে পারবে। ম্যানেজিং কমিটি এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটি হিসাবে দায়িত্ব পালন করবে। ম্যানেজিং কমিটি এরপ মেরামত কাজের জন্য উপজেলা শিক্ষা কমিটির নিকট হতে প্রশাসনিক অনুমোদন গ্রহণ করবে এবং মেরামত কাজের বাস্তব অঙ্গগতি সম্পর্কে উপজেলা শিক্ষা কমিটির নিকট অনুমোদন দায়বদ্ধ থাকবে। তবে স্থানীয় অনুদানের অর্থ দ্বারা মেরামত/সংস্কার কাজের ক্ষেত্রে এ সীমা প্রযোজ্য হবে না;
- গ) সংস্কার/মেরামতের জন্য বরাদ্দ প্রাপ্তির ৩ (তিনি) দিনের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ের দর্শনীয় স্থানে ৬ ফুট দৈর্ঘ্য ও ৪ ফুট প্রস্ত মাপের একটি সাইনবোর্ড স্থাপন করবে। সাইনবোর্ডে নিম্নোক্ত তথ্য সন্তুষ্টিপূর্ণ প্রকরণে:

বিদ্যালয়ের নাম	:
সংস্কার/মেরামতের ধরণ	:
বরাদ্দকৃত অর্থের পরিমাণ	:
বরাদ্দ প্রাপ্তির তারিখ	:
কাজ শুরুর তারিখ	:
কাজ সমাপ্তির তারিখ	:
সভাপতি ও সদস্য-সচিবের নাম	:

- ঘ) উপজেলা শিক্ষা কর্মকর্তা এ খাতের অর্থ উত্তোলন তথা আয়ন-ব্যয়েন কর্মকর্তার ক্ষমতা প্রাপ্ত হবেন এবং বরাদ্দকৃত অর্থ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির অনুকূলে অগ্রিম হিসেবে প্রদান করবেন;
- ঙ) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে কমিটির সভাপতি এবং সদস্য-সচিব (প্রধান শিক্ষক) যৌথভাবে অর্থ উত্তোলন ও ব্যয় করবেন;
- চ) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি উক্ত অর্থ ব্যয়ের বিল/ভাউচার ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। উপজেলা প্রকৌশলী বিদ্যালয় পরিদর্শন করে মেরামত কাজ সন্তোষজনক কিনা সে সম্পর্কে প্রত্যায়ন করবেন। উপজেলা শিক্ষা কর্মকর্তা উক্ত



প্রত্যয়নসহ প্রাণ বিল ভাউচার ও ব্যবস্থাপনা কমিটির সভার কার্মিকবরণী শিক্ষা কমিটির সভার উপস্থাপন করবেন। তিনি উপজেলা শিক্ষা কমিটির অনুমোদন সাপেক্ষে প্রতিটি বিদ্যালয়ের জন্য পৃথক পৃথক বিল প্রস্তুত পূর্বক উপজেলা হিসাব রক্ষণ অফিসার বরাবর প্রেরণ করবেন;

- ছ) বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেরামত/সংস্কার কাজের জন্য ক্যাশ বহি, মাস্টার রোল এবং বিল ভাউচার এর এক কপি নিজ অফিসে সংরক্ষণ করবেন;
- জ) প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ পুনর্নির্মাণ সম্প্রসারণ মেরামত/সংস্কার কাজ মনিটরিং নির্দেশিকা অনুযায়ী পরিস্থিতি করবে এবং
- ঝ) বিদ্যালয়গৃহ মেরামত, নতুন গৃহ নির্মাণ, আসবাবপত্র মেরামত এবং অন্যান্য সকল কাজের নিয়মিত তদারকি এবং রক্ষণবেক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান করবেন।

### ৩.৭ প্রাথমিক শিক্ষার ইতোয় সুযোগ:

উপানুষ্ঠানিক শিক্ষার আওতায় প্রাথমিক শিক্ষার ২য় সুযোগ কার্যক্রমে এসএমসি নিম্নরূপ দায়িত্ব পালন করবে:

- ক) সরকার কর্তৃক প্রণয়নকৃত নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
- খ) ক্যাচমেন্ট এলাকার সংশ্লিষ্ট শিশুদের সনাত্করণ ও শিক্ষার ইতোয় সুযোগের আওতায় আনয়ন;
- গ) এ কার্যক্রমের আওতায় কেন্দ্র ও স্থান নির্বাচন;
- ঘ) ক্যাচমেন্ট এলাকার সংশ্লিষ্ট শিশু ও অভিভাবকদের প্রাথমিক শিক্ষার জন্য উন্নুন্দকরণ; এবং
- ঙ) কার্যক্রম পরিচালনায় শিক্ষক নির্বাচনে প্রয়োজনীয় সহায়তাকরণ।

### ৩.৮ প্রশিক্ষণ:

- ক) প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নে প্রশিক্ষনযোৰী হিসেবে শিক্ষক নির্বাচন এবং বিদ্যালয় পর্যায়ে সকল প্রকার প্রশিক্ষণে সহায়তা প্রদান এবং
- খ) বিদ্যালয়ের সাব-ক্লাস্টার ট্রেনিং এবং একাডেমিক তত্ত্বাবধান ও পরিদর্শনে সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারকে সহযোগিতা প্রদান।

### ৩.৯ দূর্বোগকালীন অব্যাহত শিক্ষা:

দূর্বোগ ও আপদকালীন সময়ে ধারাবাহিক প্রাথমিক শিক্ষার লক্ষ্যে এসএমসি নিম্নরূপ দায়িত্ব পালন করবে:

- ক) দূর্বোগকালীন সময়ে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- খ) দূর্বোগকালীন সময়ে অভিভাবক, শিক্ষক, ছাত্রছাত্রীদের সর্তকীকরণ, প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণ, দূর্বোগকালীন ও পরবর্তী সময়ের করণীয় নির্ধারণ;
- গ) দূর্বোগকালীন সময়ে বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে সরকার প্রণীত নির্দেশিকা অনুসরণ করণ এবং
- ঘ) প্রয়োজনে বিদ্যালয়ের জন্য অস্থায়ী ভৌত সুবিধাদি প্রদানে সহায়তা প্রদান।

### ৩.১০ বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুর বিদ্যালয়ে ভর্তি ও উপস্থিতি নিশ্চিত করণসহ বিদ্যালয়ত্যাগী ও বিদ্যালয় বহিভূত শিশুদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার পদক্ষেপ গ্রহণ, বারে পড়া রোধ এবং প্রতিটি শিশুর মানসম্মত শিক্ষা প্রাপ্তি নিশ্চিত করণের উদ্যোগ গ্রহণ করবে;

### ৩.১১ এসএমসি কর্তৃক বিদ্যালয় কার্যক্রম পর্যবেক্ষণ:

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব ও শিক্ষক প্রতিনিধি ব্যক্তিত অন্য ৯ (নয়) জন সদস্য পর্যায়ক্রমে বিদ্যালয় চলাকালীন সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। এক্ষেত্রে উক্ত ৯ (নয়) জন সদস্যের মধ্য থেকে পর্যায়ক্রমে ৪ (চার) জন সদস্য প্রতিমাসে ন্যূনতম যে কোন ৬ (ছয়) দিন বিদ্যালয় কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। বিদ্যালয় কার্যক্রম পর্যবেক্ষণের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়সমূহ অনুসরণ করতে হবে:

- ক) বিদ্যালয়ের সার্বিক অবস্থা পর্যবেক্ষণের কার্যক্রমটি বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতির তত্ত্বাবধানে পরিচালিত হবে;

- খ) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সদস্য বিদ্যালয় কার্যক্রম পর্যবেক্ষণকালে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি পরিবেক্ষণ করবেন;
- গ) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সদস্য বিদ্যালয় কার্যক্রম পর্যবেক্ষণকালে শিক্ষার মান ও পরিবেশ উন্নয়নে যে কোন সুপারিশ করতে পারবেন;
- ঘ) প্রতিমাসে নির্ধারিত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যবেক্ষণ প্রতিবেদন পর্যালোচনা এবং পূর্ববর্তী মাসের সিঙ্কেন্স/সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করতে হবে;
- ঙ) সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট সভাপতি/সদস্যদের পর্যবেক্ষণ কার্যক্রম বিষয়ে দায়িত্ব, কর্তব্য ও কর্তৃপক্ষে অবহিত করবেন; এবং
- চ) আলোচ্য পর্যবেক্ষণ-কার্যক্রমের জন্য বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম ব্যবহৃত করা যাবে না।

৩.১২

শিক্ষকদের মাসিক বেতন বিলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতির প্রতিশাক্তির গ্রহণ নিশ্চিতকরণ এবং তা কমিটির সদস্য-সচিব কর্তৃক নির্ধারিত সময়ে উপজেলা/থানা শিক্ষা অফিসে প্রেরণ (সভাপতির অবর্তমানে কমিটির সহ-সভাপতি ও অপর একজন সদস্যের প্রতিশাক্তির গ্রহণপূর্বক বেতন বিল দাখিল করা যাবে);

৩.১৩

বিদ্যালয়ের সমস্যাবলি নিয়ে স্থানীয় জনসাধারণ ও উপজেলা/থানা শিক্ষা কমিটির মধ্যে যোগসূত্র স্থাপন ও সমন্বয় সাধন;

৩.১৪

উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের সহযোগিতায় বিদ্যালয়ের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন;

৩.১৫

নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক, শিখন-শেখানো সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ এবং বিতরণ নিশ্চিত করণ;

৩.১৬

বিদ্যালয়ে সহশিক্ষাক্রমিক (co-curricular) কার্যক্রম যেমন, জাতীয় প্রাথমিক শিক্ষা সংগ্রহ ও পক্ষ, আন্তর্জাতিক সাক্ষরতা দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, বিজয় দিবস, মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মার্ত্ত্বাব্দী দিবস, জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবস, পুরুষার বিতরণী অনুষ্ঠান, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড, মিলাদ মাহফিল ইত্যাদি কার্যক্রম সংগঠন ও সম্পাদনে সার্বিক সহযোগিতা প্রদান;

৩.১৭

প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্য সহায়ক বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সহযোগিতা প্রদান। বিশেষ করে প্রকল্পের আওতায় সুবিধাতোগী শিশু ও পরিবার নির্বাচনে প্রত্যক্ষ অংশগ্রহণ এবং সুবিধাতোগীর তালিকায় সভাপতি ও সদস্য-সচিবের স্বাক্ষর প্রদান;

৩.১৮

শিক্ষক অভিভাবক সমিতির (পিটিএ) সঙ্গে সংযোগ ও সহযোগিতা বৃদ্ধিকরণ;

৩.১৯

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভায় বিদ্যালয়ের সকল রেকর্ড ও রেজিস্টার পর্যালোচনা, সংরক্ষণ ও হালনাগাদকরণ;

৩.২০

বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সভায় সরকারি নিয়ম-নীতি অনুসরণ, প্রতিবেদন ও রিটার্ন প্রস্তুত ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয় নিশ্চিতকরণ;

৩.২১

স্থানীয় জনগোষ্ঠীকে বিদ্যালয়ের উন্নয়নে কোথায় ও কিভাবে সম্পৃক্ত করা যায় তা চিহ্নিত করণ ও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

৩.২২

প্রতিমাসে বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ছকে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট প্রেরণ। উপজেলা/থানা শিক্ষা অফিসার তা মূল্যায়নপূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় নির্দেশনা ও পদক্ষেপ গ্রহণ। তাছাড়া, উপজেলা/থানা শিক্ষা অফিসার কর্তৃক পরবর্তীতে ফলোআপ এবং প্রয়োজনে উপজেলা শিক্ষা কমিটিতে উপস্থাপন;

৩.২৩

জ্যেতুরিশেষে স্কুল নৃ-গোষ্ঠী শিশুদের বিদ্যালয়ে ভর্তি ও নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণে এসএমসি'র সদস্যদের নেতৃত্বে ৩ (তিনি) সদস্য বিশিষ্ট একাধিক পাড়া কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ;

৩.২৪

উন্নয়নমূলক কাজ, যেমন বিদ্যালয়গৃহ ও রাস্তা নির্মাণ, স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণ এবং পরিষ্কার-পরিজ্ঞান বিধানসহ অন্যান্য কাজে সাহায্য ও সহযোগিতা প্রদান;

৩.২৫

বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকার ম্যাপ প্রণয়ন, পরিমার্জন ও সংশোধন বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

- ৩.২৬ ব্যারিক শিক্ষা জরিপ কার্যক্রমে সহায়তা প্রদান;
- ৩.২৭ স্থানীয় পর্যায়ে প্রগতি বিদ্যালয় পরিকল্পনা বাস্তবায়নে সর্বস্বত্ত্বাকার সহযোগিতা প্রদান; এবং
- ৩.২৮ সরকার কর্তৃক অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন।

**৪। কমিটির মেয়াদকাল:**

- ৪.১ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সংগঠিত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার তারিখ থেকে ৩ বৎসর পর্যন্ত বাহাল থাকবে। কমিটির মেয়াদ শেষ হওয়ার ৬ মাস পূর্বে প্ররবর্তী কমিটি নির্বাচনের লক্ষ্যে প্রধান শিক্ষক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**৫। কমিটি বাতিলকরণ:**

- ৫.১ সরকারি আদেশ, নির্দেশ অমান্য/উপেক্ষা ও অর্পিত দায়িত্ব কর্তব্য পালনে অবহেলা, আর্থিক অনিয়ম এবং যে কোন শৃঙ্খলাপরিপন্থী কার্যক্রমের জন্য যথারীতি কারণ দর্শনো নেটিশ জারিপূর্বক সংগ্রহিত উপজেলা/মহানগরী প্রাথমিক শিক্ষা কমিটি উপযুক্ত ক্ষেত্রে 'বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি' বাতিলকরণের সিদ্ধান্ত এবং আর্থিক অনিয়মের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। সেক্ষেত্রে উপজেলা/থানা শিক্ষা অফিসার তারিখ নির্ধারণপূর্বক বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি পুনর্গঠনের প্রক্রিয়া শুরু করবেন;
- ৫.২ সভাপতি বা নির্বাচিত/মনোনীত সদস্যগণ যে কোন সময় যথাক্রমে উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং সভাপতির নিকট লিখিতভাবে নিজ স্বাক্ষরে অপারগতা জানিয়ে পদত্যাগ করতে পারবেন। এক্ষেত্রে সংগ্রহিত সহকারী উপজেলা/সহকারী থানা শিক্ষা অফিসার কর্তৃক উপজেলা/থানা শিক্ষা অফিসার-এর সহযোগিতায় কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য শূন্য পদ নির্ধারিত প্রক্রিয়া অনুসরণপূর্বক পূরণ করা যাবে।

৬। এ প্রজ্ঞাপন পার্বত্য জেলাসমূহ অর্থাৎ রাঙামাটি, খাগড়াছড়ি এবং বান্দরবান জেলাসমূহের জন্য প্রযোজ্য হবে না। তবে, পার্বত্য জেলা পরিষদসমূহ এ নীতিমালার আলোকে সংগ্রহিত জেলার জন্য নিজস্ব নীতিমালা প্রণয়ন করতে পারবে।

৭। জনস্বার্থে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

৮। এ প্রজ্ঞাপন কার্যকর হওয়া সত্ত্বেও ইতোপূর্বে জারিকৃত আদেশের আওতায় গঠিত বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সমূহ নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত বাহাল থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাতীয় নাম)

সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২)

ফোন: ৯১৭ ১১ ৫৫

**উপ-নিয়ন্ত্রক**

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।

(তাঁকে প্রজ্ঞাপনটি প্ররবর্তী গোজেটে মুদ্রণের জন্য অনুমোদ করা হলো।)

নম্বর: ৩৮.০০৮.০৩৫.০০.০০৭.২০১২-

০১ অগ্রহায়ণ ১৪১৯


তারিখ:-----

১৫ নভেম্বর ২০১২

**অবগতি ও প্রয়োজনীয় কার্যকর্ত্ত্বে অনুমতি:**

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, অধ্যনমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা।  
(সংগ্রহিত সবাইকে অবহিতকরণের অনুমোদসহ)

- ৭। মহাপরিচালক, উপনুষ্ঠানিক শিক্ষা বৃত্তরো, তেজগাঁও, ঢাকা।
- ৮। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
- ৯। চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, রাঙ্গামাটি। পার্বত্য জেলা।
- ১০। চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।
- ১১। চেয়ারম্যান, স্থানীয় সরকার পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১২। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/মনিটরিং ও মূল্যায়ন/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি ও অপারেশন/অর্থ ও সংগ্রহ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন ২, মিরপুর, ঢাকা।
- ১৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট বিভাগ।
- ১৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, .....।
- ১৫। অফিস কপি।



(আজরীন নাহার)

মিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২)